Lens Asia

২৭ ডিসেম্বর, ২০২৫

# নির্বাচন কমিশনে এনআইডি প্রক্রিয়া সম্পন্ন করলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নির্বাচন কমিশনে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নিবন্ধনের আনুষ্ঠানিক প্রক্রিয়া শেষ করেছেন। তিনি জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নিবন্ধনের জন্য শনিবার (২৭ ডিসেম্বর) দুপুর ১টার দিকে আগারগাঁওয়ের নির্বাচন কমিশন ভবনে উপস্থিত হন। সেখানে প্রয়োজনীয় বায়োমেট্রিক তথ্য প্রদান শেষে তার এনআইডি নিবন্ধনের কার্যক্রম সম্পন্ন করেন।

নির্বাচন কমিশনের এনআইডি শাখার মহাপরিচালক এ এস এম হুমায়ুন কবীর জানান, আঙুলের ছাপ, চোখের মণির প্রতিচ্ছবি (আইরিশ স্ক্যান)সহ সব ধরনের তথ্য গ্রহণ করা হয়েছে। সবকিছু ঠিক থাকলে ২৪ ঘণ্টার মধ্যেই তারেক রহমানের এনআইডি প্রস্তুত হওয়ার সম্ভাবনা রয়েছে। এদিন তারেক রহমানের কন্যা ব্যারিস্টার জাইমা রহমানও এনআইডির জন্য আবেদন করেন।

এর আগে শনিবার বেলা সাড়ে ১১টার দিকে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদ সংলগ্ন ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহীদ ওসমান হাদির কবর জিয়ারত করেন। পরে তিনি জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাধিতেও শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানসহ বিএনপির শীর্ষ নেতারা তার সঙ্গে উপস্থিত ছিলেন।

নির্বাচন কমিশন থেকে বের হয়ে তারেক রহমান ধানমন্ডিতে শ্বশুরবাড়ি মাহবুব ভবনে যাওয়ার কথা রয়েছে। সেখান থেকে তিনি এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন তার মা, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে দেখতে যাবেন।

LENS ASIA